অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/4/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো টার্ম 3-এর প্রশাসনিক নিয়োগের প্রথম রাউন্ড ঘোষণা করলেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে তার প্রশাসনের নতুন নিয়োগের ঘোষণা করলেন।

"এই স্টেটের প্রতিটি কোণার বাসিন্দাদের জীবন উন্নত পলিসির উন্নয়ন ও প্রয়োগে এই প্রশাসন বদ্ধপরিকর, যেমন বন্দুক নিরাপত্তা জোরদার করা, আমাদের প্রাকৃতিক সম্পদ রক্ষা করা, অর্থনৈতিক সুযোগ বৃদ্ধি করে নিউ ইয়র্কবাসীর জন্য নতুন একবিংশ শতাব্দীর কর্মসংস্থান করা", **গভর্নর কুওমো বলেন।** "এইসব মেধাবী ও নিবেদিত মানুষের সাথে কাজ গর্বিত এবং আমরা একসাথে আমাদের অগ্রগতি অব্যাহত রাখছি এবং নিউ ইয়র্ককে এগিয়ে নিয়ে যাচ্ছি।"

কিথ করলেট নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিন্টেন্ডেন্ট হিসেবে মনোনীত হবেন। জনাব করলেট এখন ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট হিসেবে কাজ করছেন। তিনি 30 বছর ধরে নিউ ইয়র্ক স্টেট পুলিশের বিভিন্ন টহল, তদন্ত ও নির্বাহী ব্যবস্থাপনা পদে চাকরি করেছেন, মধ্যে সহকারী ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, নিউ ইয়র্ক সিটি ট্রুপের (Troop NYC) ট্রুপ কমান্ডার এবং বিভাগীয় সদরদপ্তরের (Division Headquarters) ভারপ্রাপ্ত স্টাফ ইন্সপেক্টর অন্তর্ভুক্ত। এছাড়াও তিনি স্টেট পুলিশ নির্বাহী পোর্টফোলিও রিভিউ পর্ষদ (State Police Executive Portfolio Review Board), নিউ ইয়র্ক স্টেট ইন্টারঅপারেবল ও জরুরি যোগাযোগ পর্ষদ(Interoperable and Emergency Communications Board), নিউ ইয়র্ক স্টেট মিউনিসিপ্যাল পুলিশ প্রশিক্ষণ পরিষদ (Municipal Police Training Council) এ কাজ করেছেন। এছাড়াও জনাব করলেট নিউ ইয়র্ক স্টেট সন্ত্রাস দমন জোন 4 (Counter Terrorism Zone 4) এর সহসভাপতি হিসেবে কাজ করেছেন। জনাব করলেট স্টোনি ব্রুকের নিউ ইয়র্ক স্টেট বিশ্ববিদ্যালয় (State University of New York at Stony Brook) থেকে বি.এ. এবং ম্যারিস্ট কলেজ (Marist College) থেকে জনপ্রশাসনে মাস্টার্স ডিগ্রী (M.P.A) নিয়েছেন।

লিন্ডা লেসওয়েল নিউ ইয়র্ক স্টেট অর্থনৈতিক সেবা অধিদপ্তরের (Department of Financial Services) সুপারিন্টেন্ডেন্ট মনোনীত হবেন। মিস লেসওয়েল সর্বশেষ চীফ অব স্টাফ এবং গভর্নরের কাউন্সিলর (Chief of Staff and Counselor to the Governor) হিসেবে কাজ করেছেন। এই পদে থাকাকালীন, তিনি নির্বাহী চেম্বার এবং নীতিশাস্ত্র ও আইন প্রয়োগ সংক্রান্ত বিষয়ের অপারেশন ওভারভিউ করেন। মিস লেসওয়েল পূর্বে ক্যালিফোর্নিয়ার কালভার শহরে (Culver City) একটি ক্যান্সার ফাউন্ডেশন উদ্যোগের নির্বাহী পরিচালক হিসেবে কাজ করেছেন। এর পূর্বে মিস লেসওয়েল চীফ রিস্ক অফিসার (Chief Risk Officer) এবং গভর্নর কুওমোর কাউন্সিলর হিসেবে কাজ করেছেন যেখানে তিনি প্রথম পুরো স্টেটের এজেন্সি ও অথোরিটির জন্য নীতিশাস্ত্র, ঝুঁকি ও সম্মতির সিস্টেম তৈরি করেন। মিস লেসওয়েল পূর্বে গভর্নরের বিশেষ উপদেষ্টা ছিলেন, এবং একটি অত্যাধুনিক ওপেন ডেটা উদ্যোগে, ওপেন নিউ ইয়র্কের (OpenNY)

স্থপতি ছিলেন। এছাড়াও তিনি অ্যাটর্নি জেনারেল কুওমোর বিশেষ উপদেষ্টা হিসেবে কাজ করেন, যেখানে তিনি পাবলিক পেনশন তহবিলের পে-টু-প্লে (pay-to-play) তদন্ত এবং আউট-অব-নেটওয়ার্ক (out-of-network) স্বাস্থ্য বীমা তদন্ত তত্বাবধান করেন, উভয়ক্ষেত্রে তিনি জাতীয়ভাবে সিস্টেম সংশোধন নিয়ে আসেন। এর পূর্বে, মিস লেসওয়েল নিউ ইয়র্কের পূর্ব জেলার (Eastern District) জন্য সহকারী মার্কিন অ্যাটর্নি হিসেবে নয় বছর কাজ করেন, যার মধ্যে দুই বছর এনরোন টাস্ক ফোর্সের (Enron Task Force) জন্য, এবং তিনি হেনরি এল.স্টিমসন পদক (Henry L. Stimson Medal) ও অসাধারণ সেবার জন্য অ্যাটর্নি জেনারেলের পুরস্কার (Attorney General's Award for Exceptional Service) লাভ করেন। মিস লেসওয়েল সাউথ ফ্লোরিডা বিশ্ববিদ্যালয়ের নিউ কলেজ (New College of the University of South Florida) থেকে বি.এ. করেন এবং মায়ামি বিশ্ববিদ্যালয়ের আইন স্কুল (University of Miami School of Law) থেকে সম্মানসহ তার জুরিস ডক্টর (Juris Doctor, J.D.) ডিগ্রী লাভ করেন। ফ্লোরিডার দক্ষিণ জেলার মার্কিন জেলা জজের জন্য তিনি ক্লার্কের কাজ করেছেন। তিনি নিউ ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের আইন স্কুলের অ্যাডজাঙ্কট অধ্যাপক হিসেবে সরকারের নীতিশাস্ত্র শেখানোর কাজ করেন, এবং পূর্বে তিনি ফোর্ডহ্যাম বিশ্ববিদ্যালয়ের আইন স্কুলের অ্যাডজাঙ্কট অধ্যাপক আন্তর্জাতিক অপরাধ আইন শেখানোর কাজ করতেন।

মাইকেল হেইন নিউ ইয়র্ক স্টেটের সাময়িক ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance) কমিশনার হিসেবে মনোনীত হবেন। জনাব হেইন বর্তমানে আলস্টার কাউন্টির (Ulster County) প্রথম কাউন্টি নির্বাহী হিসেবে কাজ করছেন এবং নিউ ইয়র্ক অ্যাসোসিয়েশন অব কাউন্টিজ (Association of Counties) এর প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। এই পদপ্রাপ্তির পূর্বে, জনাব হেইন আলস্টার কাউন্টির প্রশাসক এবং ডেপুটি কোষাধ্যক্ষ হিসেবে কাজ করেছেন। তিনি এক্রেড কলেজ (Eckerd College) থেকে বি.এ. করেছেন।

থিওডোর কাস্টনার নিউ ইয়র্ক স্টেটের পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ অফিসের (Office for People With Developmental Disabilities) কমিশনার হিসেবে মনোনীত হবেন। ড. কাস্টনার পূর্বে ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিজ হেলথ অ্যালায়েন্স ইনকর্পোরেশেনের (Developmental Disabilities Health Alliance, Inc) ফাউন্ডার ও প্রেসিডেন্ট হিসেবে কাজ করেছেন, যা হল একটি ইন্টিগ্রেটেড বুদ্ধিগত ও বিকাশমূলক অক্ষমতা সহ মানুষের প্রাথমিক যত্নের মানসিক স্বাস্থ্য অনুশীলন। এছাড়াও তিনি মন্টেফিওর মেডিক্যাল কেন্দ্রে (Montefiore Medical Center) রোজ এফ. কেনেডি শিশু মূল্যায়ন ও পুনর্বাসন কেন্দ্র (Rose F. Kennedy Children's Evaluation and Rehabilitation Center, RFK CERC) এর পরিচালক ছিলেন এবং তিনি অ্যালবার্ট আইনস্টাইন মেডিক্যাল স্কুলের (Albert Einstein School of Medicine) শিশুরোগবিদ্যা অধ্যাপক ও মনোরোগবিদ্যা ও আচরণবিধি বিজ্ঞানের অধ্যাপক, সেখানে তিনি বিকাশমূলক শিশুরোগবিদ্যার রুথ আই. গটসম্যান (Ruth I. Gottesman) সভাপতি। ড. কাস্টনার কাইনেটিকাট বিশ্ববিদ্যালয়ের মেডিসিন স্কুল (University of Connecticut School of Medicine) থেকে তার ডক্টর অব মেডিসিন (M.D) ডিগ্রী অর্জন করেন এবং উইসকনসিন বিশ্ববিদ্যালয় (University of Wisconsin) থেকে জনস্বাস্থ্যে মাস্টার অব সাইন্স ডিগ্রী লাভ করেন। ড. কাস্টনার শিশুরোগবিদ্যা,বিকাশমূলক ও আচরণবিধি শিশুরোগ ও নিউরোডেভেলপমেন্টাল অক্ষমতায় আমেরিকান শিশুরোগবিদ্যা পর্ষদ (American Board of Pediatrics) থেকে বোর্ড-সনদপ্রাপ্ত হয়েছেন, এবং তিনি আমেরিকান অ্যাসোসিয়েশন ফর ফিজিশিয়ান লিডারশিপ (American Association for Physician Leadership) কতৃক সনদপ্রাপ্ত নির্বাহী চিকিৎসক (Certified Physician Executive)। 1976 সালে ম্যাসাচুসেটস অন্ধ ও দৃষ্টি প্রতিবন্ধী অ্যাসোসিয়েশনের (Massachusetts Association for the Blind

and Visually Impaired) সরাসরি সমর্থন পেশাদার (Direct Support Professional) হিসেবে কাজ শুরু করে তিনি এই ক্ষেত্রে 40 বছরের বেশি সময় ধরে কাজ করছেন।

লোলা ডব্লিউ. ব্র্যাবহ্যাম সিভিল সার্ভিস কমিশনের (Civil Service Commission) একজন সদস্য হিসেবে মনোনীত হবেন এবং কমিশনটির প্রেসিডেন্ট হিসেবে তার নাম ঘোষিত হয়েছে। পূর্বে মিস ব্র্যাবহ্যাম সিভিল সার্ভিস অধিদপ্তরের (Department of Civil Service) ভারপ্রাপ্ত কমিশনার ও নির্বাহী ডেপুটি কমিশনার হিসেবে কাজ করেছেন। এর পূর্বে, তিনি প্রশাসনের ডেপুটি কমিশনার (Deputy Commissioner for Administration) এবং স্টেটের শ্রম অধিদপ্তরের (Department of Labor) প্রধান ফাইন্যান্সিয়াল কর্মকর্তা (Chief Financial Officer, CFO)হিসেবে, এবং স্টেটের বাজেট ডিভিশনের (Division of the Budget) প্রধান বাজেট পরীক্ষক হিসেবে কাজ করেছেন। তিনি ছিলেন স্বাস্থ্য, মেডিকেইড ও ওভারসাইটের (Health, Medicaid and Oversight) সহকারী সেক্রেটারি এবং গভর্নর ডেভিড প্যাটারসনের অধীনে নির্বাহী চেম্বারে মানব সেবার (Human Services in the Executive Chamber) পরিচালক। এছাড়াও তিনি ওয়েস এন্ড মিনস (Ways and Means) এর অ্যাসেম্বলি কমিটির বিধানিক বাজেট বিশ্লেষক(Legislative Budget Analyst), এবং তার ক্যারিয়ারের শুরুর দিকে অ্যাসেম্বলিম্যান এন. নিক পেরির স্টাফ প্রধান হিসেবে কাজ করেছেন। মিস ব্র্যাবহ্যাম নিউ ইয়র্ক স্টেট বিশ্ববিদ্যালয় (State University of New York, SUNY) থেকে অপরাধ ন্যায়বিচার ও সমাজবিজ্ঞানে দ্বৈত বি.এ. করেছেন এবং রকফেলার কলেজ অব পাবলিক অ্যাফেয়ার্স এন্ড পলিসি (Rockefeller College of Public Affairs and Policy) থেকে M.P.A. করেছেন।

এরিক কুলেসেইড নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার হিসেবে মনোনীত হবেন। জনাব কুলেসেইড পূর্বে ওপেন স্পেস ইনস্টিটিউটের (Open Space Institute) পার্ক ও পলিসি প্রোগ্রামের (Parks and Policy Program) সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হিসেবে কাজ করেছেন। পূর্বে, তিনি পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের খোলা স্থান সুরক্ষার (Open Space Protection) ডেপুটি কমিশনার ছিলেন এবং 13 বছর ধরে পাবলিক ল্যান্ড ট্রাস্টের (Trust for Public Land) বিভিন্ন পদে কাজ করেছেন। জনাব কুলেসেইড ইয়েল বিশ্ববিদ্যালয় থেকে বি.এ., স্ট্যানফোর্ড আইন স্কুল (Stanford Law School) থেকে J.D. এবং ইয়েল ফরেস্ট্রি ও এনভায়রনমেন্টাল স্টাডি স্কুল (Yale School of Forestry and Environmental Studies) থেকে মাস্টার অফ ফরেস্ট্রি ডিগ্রী নিয়েছেন।

এলেন রাইলি স্টেটের সংশোধন কমিশনের (Commission of Correction) সভাপতির পদ পেয়েছেন। এপ্রিল 2018 থেকে, তিনি অন্তর্বর্তী সভাপতি হিসাবে দায়িত্বপালন করছেন যার আগে তিনি 2017 সালের জুন মাসে কমিশনে নিয়োগ পান। এর আগে জনাব রাইলি সাত বছরের অধিক সময় ধরে ম্যাডিসন কাউন্টি শেরিফ হিসাবে দায়িত্বপালন করেন। শেরিফ হিসাবে তিনি 160 জনের বেশি কর্মী সহ একটি এজেন্সি চালিয়েছেন, ম্যাডিসন কাউন্টি চাইল্ড অ্যাডভোকেসি সেন্টার (Madison County Child Advocacy Center) এর তদারকি করেছেন, যা শিশুদের শারীরিক এবং যৌন নির্যাতনের কেসগুলির তদন্ত করে, এবং গভর্নর কুওমোর যুব, জন নিরাপত্তা এবং ন্যায় বিচার কমিশনের (Commission on Youth, Public Safety and Justice) সদস্য হিসাবে দায়িত্বপালন করেন। শেরিফ হিসাবে নির্বাচিত হওয়ার আগে, জনাব রাইলি নিউ ইয়র্ক স্টেট পুলিশে 27 বছর ব্যাপী কর্মরত ছিলেন, তিনি ট্রুপ ডি (Troop D) এ একজন তদন্তকারী এবং ইউনিফর্ম ট্রুপার হিসাবে কাজ করেন এবং খুন ও অন্যান্য গুরুতর মামলার তদন্ত করেন। তার অন্যান্য দায়িত্বের মধ্যে তিনি মাদক শনাক্তকারী এবং বিস্ফোরক শনাক্তকারী কুকুরের পরিচালক এবং ফিল্ড

ট্রেনিং অফিসার ছিলেন। তার অন্যান্য পদের মধ্যে জনাব রাইলি নিউ ইয়র্ক স্টেট শেরিফস ইন্সটিটিউট (New York State Sheriffs' Institute), নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন ফর ইনকারসেরেটেড এডুকেশন প্রোগ্রাম (New York State Association for Incarcerated Education Programs) এবং ম্যাডিসন কাউন্টি অফিস অব দ্য এজিং অ্যাডভাইজরি কাউন্সিল (Office of the Aging Advisory Council) এর বোর্ড অব ডিরেক্টরস এর সদস্য হিসাবে দায়িত্বপালন করেন। তিনি দুই বার ম্যাডিসন কাউন্টির বর্ষসেরা আমেরিকান লিজিওন আইন প্রয়োগকারী অফিসার ঘোষিত হয়েছেন। তিনি SUNY-এর মরিসভিল স্টেট কলেজে পড়েছেন এবং 2014 সালে কলেজের উদ্বোধনী বক্তা ছিলেন।

মার্ক স্কোডার নিউ ইয়র্ক স্টেটের মোটরযান অধিদপ্তরের (New York State Department of Motor Vehicles) কমিশনার হিসেবে কাজ করার জন্য মনোনীত হয়েছেন। জনাব স্কোডার বর্তমানে বাফেলো শহরের কম্পট্রলার হিসেবে কাজ করছেন। পূর্বে তিনি নিউ ইয়র্ক স্টারের অ্যাসেম্বলিতে এবং ইরি কাউনিটর বিধানসভায় কাজ করেছেন। তিনি ইরি কমিউনিটি কলেজ থেকে অ্যাসোসিয়েট অব অ্যাপ্লায়েড সাইন্স (Associate of Applied Science, A.A.S.) ডিগ্রী এবং এম্পায়ার স্টেট কলেজ (Empire State College) থেকে ব্যাচেলর অব সাইন্স ডিগ্রী অর্জন করেন।

ক্যাটলিন জিরার্ড প্রেস সেক্রেটারি হিসেবে মনোনীত হয়েছেন। পূর্বে তিনি মার্কিন সিনেটর এমি ক্লোবুচার এর যোগাযোগ পরিচালক, কংগ্রেসম্যান শন প্যাটিক ম্যালোনির স্টাফ প্রধান ও যোগাযোগ পরিচালক এবং সাবেক কংগ্রেসম্যান স্টিভ ইসরায়েলের যোগাযোগ পরিচালক হিসাবে দায়িত্বপালন করেন। তিনি নটর ডেম বিশ্ববিদ্যালয় (University of Notre Dame) থেকে রাষ্ট্রবিজ্ঞানে বি.এ. করেছেন।

ডেনা ক্যারোটেনিউটো রিকো বিধানিক অ্যাফেয়ার্স (Legislative Affairs) এর ডেপুটি সেক্রেটারি হিসেবে নিয়োগ পেয়েছেন। মিস ক্যারোটেনিউটো রিকো 10 বছরের বেশি সময় ধরে স্টেট সিনেটের একাধিক স্টাফ পদে কাজ করেছেন, সর্বশেষ তিনি সিনেট স্বাধীন গণতান্ত্রিক সম্মেলনের (Senate Independent Democratic Conference) স্টাফ প্রধান হিসেবে সবেতন পারিবারিক ছুটি, জোম্বি সম্পত্তি আইন ও ফরক্লোজার সুরক্ষার মতো বিষয়ের স্টেট বাজেট ও পলিসি উদ্যোগের নেগোসিয়েশন করেন। তিনি জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের ফরেন সার্ভিস স্কুল (Georgetown University's School of Foreign Service) থেকে ফরেন সাইন্স ব্যাচেলর অব সাইন্স (Bachelor of Science in Foreign Service, BSFS) এবং ব্রুকলিন আইন স্কুল (Brooklyn Law School) থেকে J.D. লাভ করেন।

কেনিটা লয়েড ইন্টারগভর্মেন্টাল অ্যাফেয়ার্স (Intergovernmental Affairs) এর সহকারী সেক্রেটারি হিসেবে নিয়োগ পেয়েছেন। এই নিয়োগের পূর্বে, মিস লয়েড নিউ ইয়র্ক মিশন সোসাইটির (NYC Mission Society) উন্নয়ন ও বাহ্যিক অ্যাফেয়ার্স (Development and External Affairs) এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হিসাবে চার বছর কাজ করেছেন। নিউ ইয়র্ক সিটি মিশন সোসাইটিতে, মিস লয়েড 206-বছর-পুরোনো দারিদ্র্য বিমুখী প্রতিষ্ঠানটির তহবিল সংগ্রহ ও বাহ্যিক অ্যাফেয়ার্স কৌশলের নেতৃত্ব দেন। মিস লয়েড পূর্বে জাতীয় অ্যাকশন নেটওয়ার্কের (National Action Network) ডেভেলপমেন্ট পরিচালক (Director of Development) হিসেবে কাজ করেছেন। মিস লয়েড নিউ ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের রবার্ট এফ. ওয়াগনার স্কুল অব পাবলিক সার্ভিস (Robert F. Wagner School of Public Service) থেকে M.P.A. এবং নিউ ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের গ্যালাটিন স্কুল অব ইন্ডিভিজুয়ালাইজড স্টাডি (Gallatin School of Individualized Study) থেকে বি.এ. করেছেন।

লিচা নিয়েনডো পাবলিক ইন্টেগ্রিটির ডেপুটি স্পেশাল কাউন্সিল হিসেবে পদোন্নতি পেয়েছেন। মিস নিয়েনডো পূর্বে হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনের (Division of Homeland Security and Emergency Services) নীতিশাস্ত্র, ঝুঁকি ও সম্মতির (Ethics, Risk and Compliance) বিশেষ উপদেষ্টা হিসেবে কাজ করেছেন। এর পূর্বে, তিনি অ্যাপল ইনকর্পোরেশনের (Apple Inc.) নিরাপত্তা কাউন্সিল হিসেবে কাজ করেছেন। পূর্বে তিনি নিউ ইয়র্কের পূর্ব জেলার সহকারী মার্কিন অ্যাটর্নি হিসেবে কাজ করেছেন এবং সিভিল রাইটস ইউনিটের (Civil Rights Unit) ও নার্কোটিকস ইউটিনের (Narcotics Unit) ডেপুটি চীফ হিসেবে কাজ করেছেন। মিস নিয়েনডো হার্ভার্ড বিশ্ববিদ্যালয় (Harvard University) থেকে বি.এ. এবং ডিউক বিশ্ববিদ্যালয় (Duke University) থেকে J.D. ডিগ্রী অর্জন করেছেন।

টিমথি হার্টজ নির্বাহী অপারেশনস এর পরিচালক (Director of Executive Operations) হিসেবে নিয়োগ পেয়েছেন। জনাব হার্টজ সর্বশেষ রাষ্ট্রপতি ওবামার বিশেষ সহকারী এবং হোয়াইট হাউজের অ্যাডভান্স অপারেশনের (Deputy Director of Advance Operations) ডেপুটি পরিচালক হিসেবে কাজ করেছেন। পূর্বে, তিনি প্রেসিডেন্সিয়াল পার্সোনেল অফিসের (Presidential Personnel Office) প্রায়োরিটি প্লেসমেন্ট পরিচালক (Director of Priority Placement) এবং ডিপার্টমেন্ট অব দ্য ইন্টেরিয়রের (Department of the Interior) অপারেশন পরিচালক (Director of Operations) হিসেবে কাজ করেছেন। তিনি প্রভিডেন্স কলেজ (Providence College) থেকে বি.এ. ডিগ্রী পেয়েছেন।

বারবারা রাইস অর্থনৈতিক বিকাশের (Economic Development) সহকারী সেক্রেটারি হিসেবে নিয়োগ পেয়েছেন। মিস রাইস স্থানীয় সরকারে বেশ বিশিষ্ট একটি ক্যারিয়ার ছিল এবং তিনি ফ্র্যাঙ্কলিন কাউন্টি বিধানসভার (Franklin County Legislature) প্রথম নারী সভাপতি ছিলেন। পূর্বে, মিস রাইস আদিরন্ডাক পার্ক এজেন্সির (Adirondack Park Agency) কমিশনার হিসেবে এবং নিউ ইয়র্ক স্টেট অগ্নি নিরাপত্তা ও ভবন কোড কাউন্সিলের (Fire Safety and Building Code Council) সদস্য হিসেবে ভূমি বিকাশের কাজ করেছেন। তিনি SUNY প্ল্যাটসবার্গ থেকে ব্যবসায় ও অর্থনীতিতে ম্যাগনা কাম লাডে বি.এ. ডিগ্রী লাভ করেন, প্রাক-চিকিৎসা বিজ্ঞানে বেনিংটন কলেজ (Bennington College) থেকে পোস্ট-ব্যাকালরিয়েট সনদ (Post-Baccalaureate Certificate) এবং অ্যালবেনি মেডিক্যাল কলেজ (Albany Medical College) থেকে ফিজিশিয়ানস অ্যাসিস্টেন্ট (PA) ডিগ্রী লাভ করেন।

ব্যারিকা এক্স. উইলিয়ামস আবাসনের সহকারী সেক্রেটারি (Assistant Secretary for Housing) হিসেবে নিয়োগ পেয়েছেন। স্টেট সরকারে যোগদানের পূর্বে, মিস উইলিয়ামস অ্যাসোসিয়েশন ফর নেইবারহুড এন্ড হাউজিং ডেভেলাপমেন্টের (Association for Neighborhood and Housing Development) ডেপুটি পরিচালক ছিলেন, যেখানে তিনি নিউ ইয়র্ক শহরে সাশ্রয়ী আবাসন ও ইকুইটেবল অর্থনৈতিক বিকাশ নিশ্চিত করতে পলিসি ও অ্যাডভোকেসি প্রচেষ্টার নেতৃত্ব দিতেন। তিনি ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি (Massachusetts Institute of Technology, MIT) এর আরবান স্টাডিজ এন্ড প্ল্যানিং বিভাগ (Department of Urban Studies and Planning) থেকে শহর পরিকল্পনায় (City Planning) মাস্টার্স ডিগ্রী নেন যেখানে তার প্রধান বিষয় ছিল আবাসন ও অর্থনৈতিক বিকাশ (Housing and Economic Development), এবং সেইন্ট লুইসের ওয়াশিংটন বিশ্ববিদ্যালয় (Washington University) থেকে ব্যাচেলর অব আর্টস ডিগ্রী নেন।

উইলিয়াম ফিশার জননীতিশাস্ত্রের যৌথ কমিশনে (Joint Commission on Public Ethics) নিয়োগ পেয়েছেন। তার পূর্বে এই পদে ছিলেন গ্যারি জে. ল্যাভিন, যার মেয়াদ 11 ডিসেম্বর শেষ হয়ে গেছে। জনাব

ফিশার পূর্বে ওননডাগা কাউন্টির ডেপুটি কাউন্টি নির্বাহী হিসেবে কাজ করেছেন। পূর্বে তিনি সামিট সফটওয়্যার কোম্পানির (Summit Software Company) কো-ফাউন্ডার এবং সিইও হিসেবে কাজ করেছেন। জনাব ফিশার ইয়েল বিশ্ববিদ্যালয় (Yale University) থেকে বি.এ এবং সিরাকাস বিশ্ববিদ্যালয়ের ম্যাক্সওয়েল স্কুল অব সিটিজেনশিপ এন্ড পাবলিক অ্যাফেয়ার্স (Syracuse University's Maxwell School of Citizenship and Public Affairs) থেকে এম.এ করেছেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন